

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৪৯

আগরতলা, ১৬ নভেম্বর, ২০২৪

জাতীয় প্রেস দিবসে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী
নানা চ্যালেঞ্জ মোকাবিলা করেই সাংবাদিকগণ তাদের পেশাগত দায়িত্ব পালন করছেন



সংবিধান রক্ষার প্রহরী হিসেবে নৈতিক দায়িত্ব পালন করে থাকে সংবাদ মাধ্যম। তাই সংবাদ পরিবেশনের ক্ষেত্রে অবশ্যই সত্যনিষ্ঠ তথ্য থাকা প্রয়োজন। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে জাতীয় প্রেস দিবস উদযাপন অনুষ্ঠানের প্রধান অতিথি যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায় একথা বলেন। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং আগরতলা প্রেস ক্লাবের সহযোগিতায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ক্রীড়ামন্ত্রী শ্রী রায় বলেন, কোন ঘটনা মানুষের কাছে পৌঁছানোর দায়িত্ব পালন করে থাকে সংবাদ মাধ্যম। এক্ষেত্রে সংবাদটি বস্তুনিষ্ঠ ও তথ্যভিত্তিক হলেই পাঠক সেটাকে সততার সঙ্গে গ্রহণ করে। বর্তমানে নানা চ্যালেঞ্জকে মোকাবিলা করেই সাংবাদিকরা তাদের পেশাগত দায়িত্ব পালন করছেন। ক্রীড়ামন্ত্রী বলেন, বর্তমান ডিজিটাল যুগের সঙ্গে তাল মিলিয়েই সংবাদ মাধ্যমগুলোকে কাজ চালিয়ে যেতে হবে। সাংবাদিকদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বর্তমান রাজ্য সরকার আন্তরিক। সংশোধিত পেনশন প্রকল্পে ১০ হাজার টাকা করে পেনশন, স্বাস্থ্য বীমা সুনিশ্চিতকরণ সহ সাংবাদিকদের কল্যাণে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। সংবাদ মাধ্যমের বিজ্ঞাপন বাবদ অর্থ বরাদ্দও বহুগুণ বৃদ্ধি করা হয়েছে। আগরতলা প্রেস ক্লাবকে বিশেষ সংস্কারের মাধ্যমে শীততাপ নিয়ন্ত্রিত করা হয়েছে। আগরতলা প্রেস ক্লাবে লিফট স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে।

অনুষ্ঠানের সম্মানিত অতিথি ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ বলেন, মানুষের মতামতকে সঠিকভাবে প্রকাশ করাই সংবাদ মাধ্যমের মূল দায়িত্ব। কোন ধরনের বিভ্রান্তিমূলক সংবাদ পরিবেশন থেকেও সংবাদ মাধ্যমগুলোকে সতর্ক থাকা প্রয়োজন।

অনুষ্ঠানে তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী বলেন, গণতন্ত্রের চারটি স্তরের মধ্যে অন্যতম স্তম্ভ হচ্ছে সংবাদ মাধ্যম। সমাজ পরিবর্তন ও জনমত গঠনে সংবাদ মাধ্যমের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বর্তমানে সংবাদ মাধ্যমে অত্যাধুনিক প্রযুক্তি যুক্ত হচ্ছে। ফলে সংবাদ পরিবেশনও দ্রুত সম্ভব হচ্ছে। তিনি বলেন, ১৯৬৬ সালের ১৬ নভেম্বর প্রেস কাউন্সিল অব ইন্ডিয়া গঠিত হয়েছিল। এরপর থেকে প্রতিবছর ১৬ নভেম্বর বিভিন্ন থিমকে সামনে রেখে জাতীয় প্রেস দিবস পালন করা হয়ে থাকে। এবছরের জাতীয় প্রেস দিবসের থিম হচ্ছে ‘চ্যাঞ্জিং নেচার অব প্রেস’। বর্তমান সময়ের প্রেক্ষিতে সংবাদ মাধ্যমের বিভিন্ন ক্ষেত্রে যে দ্রুত পরিবর্তন আসছে সেদিকে লক্ষ্য রেখেই প্রেস কাউন্সিল অব ইন্ডিয়া এবার এই থিমকে বেছে নিয়েছে। জাতীয় প্রেস দিবস অনুষ্ঠানে মুখ্য আলোচক বরিষ্ঠ সাংবাদিক শেখর দত্ত বলেন, প্রযুক্তি নির্ভর যুগে সংবাদ মাধ্যমেও নানা পরিবর্তন এসেছে। ফলে সংবাদ পরিবেশনও দ্রুত ও সহজ হয়ে গেছে। অনুষ্ঠানে আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য বলেন, সংবাদ মাধ্যম বর্তমানে অনেক বিস্তৃত হয়েছে। প্রতিটি ক্ষেত্রেই ডিজিটাল প্ল্যাটফর্ম চলে আসায় সংবাদ মাধ্যমেও বিশাল পরিবর্তন এসেছে। অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিনিসার ভট্টাচার্য।

সাংবাদিকতার ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য রাজ্যের ৪ জন বরিষ্ঠ সাংবাদিককে এবছর ন্যাশনাল প্রেস ডে উপলক্ষে সংবর্ধনা দেওয়া হয়। বরিষ্ঠ সাংবাদিক বিমান ধর বহিরাঙ্গ্যে থাকায় আজ অনুষ্ঠান মঞ্চে ৩ জন বরিষ্ঠ সাংবাদিককে সংবর্ধনা প্রদান করা হয়। তারা হলেন, চিত্রা রায়, সুপ্রিয় দত্ত ও মোহিত পাল। অনুষ্ঠানে সংবর্ধনাপ্রাপক ৩ জন বরিষ্ঠ সাংবাদিক তাদের কর্মজীবনের অভিজ্ঞতার কথা সংক্ষিপ্তভাবে তুলে ধরেন।
